চট্টগ্রাম বোর্ড-২০১৬

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |

সৃজনশীল প্রশ্ন

সময়- ২ ঘণ্টা ১০ মিনিট — পূর্ণমান- ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **তিনটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

ক বিভাগ: ব্যাংকিং

১.▶ সানজিদা বিথীকা একজন প্রভাষক। শিক্ষা বোর্ড সংক্রান্ত কাজের সম্মানী প্রাপ্তির লক্ষ্যে বোর্ড তাকে বাংলাদেশ ব্যাংক অনুমোদিত একটি ব্যাংকে হিসাব খুলতে বলেন। ব্যাংকে হিসাব খুলে তিনি সিদ্ধান্ত নিলেন, সম্মানীর পুরো টাকা উত্তোলন না করে কিছু কিছু টাকা জমিয়ে অধিক লাভজনক খাতে বিনিয়োগ করবেন।

ক. ব্যাংক কী? ১

খ. ব্যাংক কীভাবে পরের ধনে পোদ্দারি করে? ২

গ. উদ্দীপকের আলোকে সানজিদা বিথীকা কোন ধরনের ব্যাংক হিসাব খুলতে পারেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের বিথীকার জমাকৃত অর্থ কীভাবে মূলধন গঠনে সহায়তা করে? যুক্তিসহ মতামত দাও। ৪

২.▶ বাংলাদেশ সরকার পাতাল রেল প্রকল্পের প্রয়োজনীয় মূলধন সংগ্রহের লক্ষ্যে তার প্রতিনিধিত্বকারী ব্যাংককে দায়িত্ব দেয়। ব্যাংকটি বাজারে ১২% হারে বন্ড ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. নিকাশ ঘর কী? ১

খ. ঋণ নিয়ন্ত্রণ কেন কেন্দ্রীয় ব্যাংকের অন্যতম কাজ? ২

গ. উদ্দীপকে প্রতিনিধিত্বকারী ব্যাংকটির নাম কী? এ ব্যাংকের অন্যান্য কার্যাবলি ব্যাখ্যা করো। ৩

Teachingbd24.com

https://teachingbd24.com

ঘ. বন্ড ইস্যু করে মূলধন সংগ্রহ যুক্তিযুক্ত কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩.▶ মি. সালমান মধ্যপ্রাচ্য থেকে দেশে ফিরে ৫০ লক্ষ টাকা ব্যবসায়ে বিনিয়োগ করতে চান। লেনদেন পরিচালনার জন্য ব্যাংকে হিসাব খুললে ব্যাংক তাকে একটি চেক বই ইস্যু করে। তিনি আরও সহজে বহনযোগ্য ও নিরাপদ কিছু দাবি করেন। ব্যাংক তাকে তার চাহিদামত জিনিসটি সরবরাহ করে।

ক. ব্যাংক হিসাব কী? ১

খ. কোন চেক অধিক নিরাপদ? ২

গ. উদ্দীপকে মি. সালমান কোন ধরনের ব্যাংক হিসাব খুললেন? কেন? ৩

ঘ. ব্যাংক মি. সালমানকে যে জিনিসটি দিলেন তা চেকের থেকেও নিরাপদ কেন? যুক্তিসহ বুঝিয়ে দাও। ৪

৪.▶ আকিব আহনাফ একজন সুপারশপ ব্যবসায়ী। তিনি তার আর্থিক লেনদেন বিভিন্ন সময় পদ্মা ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করেন। নতুন আরও কয়েকটি শাখা সম্প্রসারণের লক্ষ্যে তিনি তার ব্যাংকের কাছে ২৫ লক্ষ টাকা ঋণ চান। কিন্তু ব্যাংকটি তাকে অধিক পরিমাণে ঋণ প্রদানে অস্বীকৃতি জানায়।

ক. তারল্য কী? ১

খ. 'অর্থের গতিশীলতা বিনিময়ের মাধ্যমগুলোর ওপর অনেকাংশে নির্ভরশীল'– ব্যাখ্যা করো। ২

গ. পদ্মা ব্যাংকের ঋণদানের অস্বীকৃতি কতটা যুক্তিসঙ্গত ছিল? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৩

ঘ. আকিব আহনাফের কোন ধরনের ব্যাংক থেকে ঋণ গ্রহণ করা উচিত? ব্যাখ্যা করো। ৪

Teachingbd24.com

৫.▶ রাজশাহীর রানু দাস ব্যবসায়ের প্রয়োজনে ঢাকার চকবাজারের মনু মোল্লাকে ১ কোটি ৩০ লক্ষ টাকার একটি চেক প্রদান করেন। মনু মোল্লা সেটি তার হিসাবে জমা দেন। তবে ১ জানুয়ারি তারিখে ইস্যুকৃত চেকটি ৮ জুলাই তারিখে ব্যাংকে জমা দেন।

ক. প্রত্যয়পত্র কী? ১

খ. লভ্যাংশ ওয়ারেন্ট বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত চেকটি কোন ধরনের? এ চেকের সুবিধা বর্ণনা করো। ৩

ঘ. মনু মোল্লা কীভাবে তার প্রাপ্য টাকা আদায় করতে পারবেন? বিশ্লেষণ করো। ৪

খ বিভাগ: বিমা

৬.▶ মনিরুজ্জামান নিজের অবর্তমানে পরিবারের কথা বিবেচনা করে ১৮ বছর মেয়াদি একটি বিমাপত্র গ্রহণ করেন। কিন্তু তিনি মাত্র ৩টি প্রিমিয়াম প্রদান করে মৃত্যুবরণ করেন।

ক. বোনাস কী? ১

খ. বিমাযোগ্য স্বার্থ কী? বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকে মনিরুজ্জামান যে বিমাপত্রটি গ্রহণ করেন তা কোন ধরনের? বিস্তারিত লেখো। ৩

ঘ. সম্পূর্ণ বিমার টাকা দাবি উক্ত পরিবারের জন্য কতটা যৌক্তিক বলে তুমি মনে করো? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭.▶ ক্রিমসন পেইন্টস জার্মান থেকে নদীপথে ৫ কোটি টাকার কেমিক্যাল আমদানির প্রাক্কালে বিমা চুক্তি গ্রহণ করেন এবং এ প্রেক্ষিতে ১,০০,০০০ টাকার প্রিমিয়াম প্রদান করেন। পণ্যবাহী জাহাজটি সামুদ্রিক ঝড়ের কবলে পড়লে ২ কোটি টাকার কেমিক্যাল ক্ষতিগ্রস্ত হয়।

ক. যুগ্ম বিমাপত্র কী? ১

খ. কখন সমুদ্রে পণ্য নিক্ষেপ করা হয় এবং কেন? ২

Teachingbd24.com

গ. উদ্দীপকে ক্রিমসন পেইন্টস কোন ধরনের নৌ বিমাপত্র গ্রহণ করেছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. বিমা কোম্পানির কাছ থেকে কোম্পানিটি কত টাকা ক্ষতিপূরণ পেতে পারে? যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

৮.▶ জসীম সাহেব ব্যক্তিগত ব্যবহারের জন্য প্রাইম ব্যাংকের মাধ্যমে কিস্তিসহ ৩৫ লক্ষ টাকায় একটি প্রাইভেট কার কিনে রূপালী ইন্সুরেন্সের সাথে বিমা চুক্তি সম্পাদন করেন। পরবর্তীতে গাড়িটি ছিনতাই হলে তিনি মামলা দায়ের করেন এবং বিমা কোম্পানির কাছে বিমার অর্থ দাবি করেন। মামলাটি নিষ্পত্তি হলে বিমা কোম্পানি তাকে ১৮,৫০,০০০ টাকা প্রদান করে।

ক. স্বাস্থ্য বিমা কী? ১

খ. জীবন বিমা কী ক্ষতিপূরণের চুক্তি? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে যে বিমাপত্রটি জসীম সাহেব গ্রহণ করেছিলেন তা কোন ধরনের? বিস্তারিত লেখো। ৩

ঘ. বিমা দাবি বাবদ জসীম সাহেব যে পরিমাণ টাকা পেলেন তা কি যথার্থ? বিশ্লেষণ করো। ৪

৯.▶ ওমর ফারুক আলিকো ইন্সুরেন্সে ১৮ বছর মেয়াদি একটি জীবন বিমা গ্রহণ করেন। প্রতি ৬ মাস অন্তর তিনি কিস্তি প্রদান করতে থাকেন। বিমা চুক্তি অনুযায়ী তিনি ছয়টি রোগের জন্য চিকিৎসা ব্যয় পাবার দাবিদার। ২ বছর অতিবাহিত হবার পর বিমা কোম্পানি হৃদরোগের ব্যয়ভার বহনের জন্য প্রতি কিস্তিতে ৯০০ টাকা করে অতিরিক্ত প্রদান করতে বলে।

ক. বৈধ প্রতিদান কী? ১

খ. দ্বৈত বিমা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের আলোকে ওমর ফারুকের জন্য কোন ধরনের বিমা সহায়ক? কেন? ৩

ঘ. বিমা কোম্পানির অতিরিক্ত প্রিমিয়াম দাবি কতটা যৌক্তিক বলে তুমি মনে করো? যুক্তিসহ লেখো। ৪

Teachingbd24.com

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

বহুনির্বাচনি প্রশ্ন

বিষয় কোড : ২ ৯ ৩

সময়– ৪০ মিনিট　　　　পূর্ণমান– ৪০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. ব্যাংক ব্যবস্থার পূর্বসূরি কে?
ক কর্মকার　খ রৌপ্যকার
গ স্বর্ণকার　ঘ চর্মকার

২. "নোট ও মুদ্রার প্রচলন" কেন্দ্রীয় ব্যাংকের কোন ধরনের কার্যাবলি?
ক সাধারণ　খ সরকারের ব্যাংক
গ অন্য ব্যাংকের ব্যাংক　ঘ উন্নয়ন সংক্রান্ত

৩. গ্রাহকদের আমানত চাহিবামাত্র ফেরত দানের ক্ষমতাকে কী নীতি বলে?
ক সচ্ছলতার　খ তারল্যের
গ নিরাপত্তার　ঘ দক্ষতার

৪. ব্যাংক হিসাব খোলার আবেদনপত্রে নিরক্ষর ব্যক্তির বাম হাতের কোন আঙ্গুলের ছাপ দিতে হয়?
ক তর্জনী　খ কনিষ্ঠা
গ অনামিকা　ঘ বৃদ্ধা

উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব সাকিব এবং জনাব মুশফিক যথাক্রমে 'ক' ও 'খ' ব্যাংকের চাকরি করেন। সারা দেশে 'ক' ব্যাংকের কার্যক্রম চলমান থাকলেও 'খ' ব্যাংক কেবল ঢাকার হাজারীবাগ এলাকায় সেবা প্রদান করে। এ বছর ব্যাপক ঝড়-ঝঞ্ঝার কারণে দু'টি ব্যাংকই তারল্য সংকটে ভুগছে। তবুও বছর শেষে 'ক' ব্যাংকটি 'খ' ব্যাংকের তুলনায় অধিক মুনাফা করেছে।

৫. 'ক' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক?
ক একক　খ শাখা　গ গোষ্ঠী　ঘ চেইন

৬. ব্যাংক দু'টির তারল্য সংকট হওয়ার কারণ–
i. ঋণের টাকা অনাদায়ী থাকছে
ii. দক্ষতার নীতি পালন করা হয় নি
iii. নতুন করে আমানত আসছে না
নিচের কোনটি সঠিক?
ক ii ও iii　খ i ও ii
গ i ও iii　ঘ i, ii ও iii

৭. 'ক' ব্যাংকের তুলনায় 'খ' ব্যাংক কম মুনাফা করেছে কেন?
ক বৃহদায়তন প্রতিষ্ঠান　খ সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব
গ উপরিব্যয়ের আধিক্য
ঘ মূলধনের গতিশীলতার অভাব

৮. যাকে চেকের অর্থ পরিশোধের নির্দেশ দেয়া হয় সে পক্ষের নাম কী?
ক প্রাপক　খ অনুমোদিত প্রাপক
গ আদেষ্টা　ঘ আদিষ্ট

৯. শাখা ব্যাংকিং-এর বৈশিষ্ট্য হলো–
i. কেন্দ্রীয় ব্যাংকের সাথে সম্পর্ক
ii. প্রধান অফিস কর্তৃক নিয়ন্ত্রণ
iii. অধিক মূলধন গঠন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

১০. বৈদেশিক মুদ্রা বিনিময়ের ক্ষেত্রে কেন্দ্রীয় ব্যাংকের একক দায়িত্ব–
i. পরিচালনা　ii. সম্প্রসারণ
iii. নিয়ন্ত্রণ
নিচের কোনটি সঠিক?
ক ii ও iii　খ i ও ii　গ i ও iii　ঘ i, ii ও iii

১১. প্রস্তুতকৃত চেক কয় মাস পর বাসি চেকে পরিণত হয়?
ক ৩　খ ৬　গ ৯　ঘ ১২

১২. মধ্যমেয়াদি ঋণের মেয়াদ কোনটি?
ক ৬ মাস থেকে ১ বছর　খ ৬ মাস থেকে ২ বছর
গ ১ বছর থেকে ৫ বছর　ঘ ৫ বছর থেকে ৭ বছর

উদ্দীপকটি পড়ো এবং ১৩–১৪ নং প্রশ্নের উত্তর দাও।
চামড়া শিল্পের প্রসার ও উন্নতি দেখে 'X' নামক বাণিজ্যিক ব্যাংক প্রতিষ্ঠানটি এ খাতে প্রচুর ঋণ প্রদান করে। প্রথম দিকে বেশ মুনাফা করলেও আন্তর্জাতিক বাজারে চামড়ার দর পতনের কারণে এ ব্যাংকটি আর্থিকভাবে সমস্যায় পড়েছে।

১৩. 'X' নামক ব্যাংকটি ঋণদানের কোন নীতি অনুসরণ করে নি?
ক সেবার　খ বৈচিত্র্যতার
গ প্রচারের　ঘ সুনামের

১৪. ব্যাংকটি আর্থিক সমস্যা থেকে পরিত্রাণ পেতে ভবিষ্যতে করতে পারে–
i. ঋণ গ্রহীতার উদাসীনতা রোধ
ii. ঋণদান নীতি অনুসরণ
iii. গ্রাহকদের সন্তুষ্টি অর্জনের চেষ্টা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

১৫. বাণিজ্যিক ব্যাংককে অর্থবাজারের মধ্যমণি বলার কারণ–
i. স্বল্পমেয়াদি ঋণের চাহিদা মেটায়
ii. নোট ছাপিয়ে ভূমিকা রাখে
iii. ঋণ নিয়ন্ত্রণ সহায়তা করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

১৬. বাণিজ্যিক ব্যাংক ঋণ আমানত সৃষ্টি করে–
i. নগদ ঋণ দিয়ে　ii. cË`î FY AvgvbGZ ^iGL
iii. নতুন ঋণ প্রদান করে
নিচের কোনটি সঠিক?
ক i ও iii　খ i ও ii　গ ii ও iii　ঘ i, ii ও iii

১৭. বিদেশে অর্থ প্রেরণের সহজ, নির্ভরযোগ্য ও বহুল প্রচলিত পদ্ধতি কোনটি?
ক নগদ প্রত্যয়পত্র　খ ভ্রমণকারীর চেক
গ আন্তর্জাতিক মানি অর্ডার
ঘ ব্যক্তিগত চেক

১৮. কোন কাজে ডেবিট কার্ড ব্যবহার করা যায়?
ক পার্চেচিং　খ সেলিং
গ ফান্ড ট্রান্সফার　ঘ ডেটা ট্রান্সফার

১৯. যে ঝুঁকির ক্ষেত্রে ক্ষতির আশঙ্কা স্বাভাবিকের চেয়ে কম তাকে কী ঝুঁকি বলা হয়?
ক আদর্শিক　খ উত্তম আদর্শিক
গ উপ-আদর্শিক　ঘ অবিমাযোগ্য

উদ্দীপকটি পড়ো এবং ২০-২২ নং প্রশ্নের উত্তর দাও।
মিসেস মিশেলা তার সঞ্চয়ী হিসাব থেকে ২,০০,০০০ টাকা উত্তোলন করেন। ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রথমে পাওয়া নোটগুলোতে অর্থ সচিবের স্বাক্ষর আছে। অপর নোটগুলোতে কেন্দ্রীয় ব্যাংকের গভর্নরের স্বাক্ষর আছে। মিসেস মিশেলা শেষোক্ত নোটগুলোকে লেনদেনে সর্বাধিক ব্যবহার করতে পারছেন।

২০. মিসেস মিশেলার প্রথমে টাকাগুলো কত টাকার নোট ছিল?
ক ৫০　খ ২০　গ ১০　ঘ ২

https://teachingbd24.com

২১. কেন্দ্রীয় ব্যাংকের গভর্নরের স্বাক্ষরযুক্ত নোটগুলোকে ব্যাংক নোট বলার যুক্তি কী?
(ক) অর্থ মন্ত্রণালয়ের স্বাক্ষর আছে
(খ) বাংলাদেশ ব্যাংকের লোগো আছে
(গ) বাংলাদেশ সরকার ছাপায় বলে
(ঘ) আইনগত মর্যাদা প্রতিষ্ঠিত থাকে

২২. শেষোক্ত নোটগুলো লেনদেনে জনপ্রিয় কারণ—
i. বহন করা সহজ ii. সরকারি বৈধতা আছে
iii. সরকারি নোটে রূপান্তরযোগ্য
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৩. একই বিমাপত্রের আওতায় বিভিন্ন স্থানে রক্ষিত মজুদ বিমা করা হলে সেটি কী বিমাপত্র?
(ক) ভাসমান (খ) নির্দিষ্ট
(গ) গড়পড়তা (ঘ) মূল্যায়ন

২৪. বিমাকৃত ব্যক্তির মৃত্যুর পর বিমা দাবি পরিশোধ করা হয় কোন বিমায়?
(ক) জীবন বিমা (খ) আজীবন বিমাপত্র
(গ) সাময়িক বিমাপত্র (ঘ) গোষ্ঠী বিমা

২৫. ব্যাংকের পৌনঃপুনিক হিসাবে—
i. বারবার অর্থ জমা দেয়া যায়
ii. যতবার ইচ্ছা উত্তোলন করা যায়
iii. অধিক হারে সুদ পাওয়া যায়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও iii (খ) ii ও iii (গ) i ও ii (ঘ) i, ii ও iii

২৬. কোন ধরনের দুর্ঘটনার ব্যাপকতায় দুর্ঘটনা বিমা চালু হয়েছে?
(ক) রেল (খ) বাস (গ) নৌ (ঘ) বিমান

২৭. হুকুম চেকের উল্টো পিঠে কী করে তা অনুমোদন করা যায়?
(ক) শর্ত নোটিশ লিখে (খ) রেখাঙ্কন করে
(গ) প্রাপকের নাম লিখে (ঘ) স্বাক্ষর দিয়ে

২৮. ব্যাংক হার বাড়ালে—
i. সুদের হার বাড়ে
ii. ঋণ সরবরাহ হ্রাস পায়
iii. বৈদেশিক বাণিজ্য বাড়ে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৯. হস্তান্তরযোগ্য ঋণের দলিলের হস্তান্তর হতে পারে—
i. অর্পণের দ্বারা ii. অনুমোদনের মাধ্যমে
iii. পৃষ্ঠাঙ্কনের দ্বারা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩০. অগ্নিজনিত ক্ষতির 'নৈতিক ঝুঁকি' বহির্ভূত কোনটি?
(ক) ত্রুটিপূর্ণ নির্মাণ কাঠামো
(খ) স্বেচ্ছাপ্রণোদিত অগ্নিসংযোগ
(গ) অবহেলা ও অসতর্কতা
(ঘ) শত্রুর দ্বারা অগ্নিসংযোগ

৩১. প্রত্যয়পত্র হচ্ছে—
i. একটি ঋণের দলিল ii. পণ্য সুরক্ষার নিশ্চয়তা
iii. মূল্য পরিশোধের নিশ্চয়তা
নিচের কোনটি সঠিক?
(ক) i, ii ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i ও ii

উদ্দীপকটি পড়ো এবং ৩২-৩৪ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব আলিম একজন কাপড় ব্যবসায়ী। তিনি তার পণ্যের গুদাম বিমা করেছেন। চুক্তিপত্রে গুদামে রক্ষিত পণ্যের সঠিক পরিমাণ উল্লেখ না করায় বিমা কোম্পানি তার চুক্তি বাতিল করেছে। তিনি অন্য একটি বিমা কোম্পানির সাথে উক্ত বিষয়ে নিজ নামে বিমাচুক্তি করতে চাইলে কোম্পানি তাতে রাজি হয় নি।

৩২. জনাব আলিম কোন ধরনের বিমা করেছিল?
(ক) অগ্নি (খ) দুর্ঘটনা (গ) দায় (ঘ) নৌ

৩৩. কোন নীতির ভঙ্গের কারণে জনাব আলিমের প্রথম চুক্তিটি বাতিল হয়েছে?
(ক) স্থলাভিষিক্তকরণ (খ) সদ্বিশ্বাস
(গ) প্রত্যক্ষ কারণ (ঘ) নির্দিষ্টতা

৩৪. কী থাকলে জনাব আলিমের দ্বিতীয় চুক্তির চেষ্টাটি সফল হতো?
(ক) চূড়ান্ত সদ্বিশ্বাস (খ) সেলামি প্রদান ব্যবস্থা
(গ) বিমাযোগ্য স্বার্থ (ঘ) ঝুঁকি কম

৩৫. চালানি রসিদ কী?
(ক) জাহাজ ব্যবহারের লিখিত চুক্তিপত্র
(খ) পণ্য খালাসের নিশ্চয়তাপত্র
(গ) মালামালের বিবরণ সম্বলিতপত্র
(ঘ) জাহাজ আংশিক ব্যবহারের চুক্তিপত্র

৩৬. স্বল্প আয়ের লোকদের জন্য 'শিক্ষা সঞ্চয় প্রকল্প' সুবিধাজনক। কারণ নির্দিষ্ট সময় পর্যন্ত কিস্তিতে—
i. জমা দেয়া যায় ii. উত্তোলন করা যায়
iii. ঋণ গ্রহণের ব্যবস্থা থাকে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও iii (খ) i ও ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩৭-৩৮ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব সিদ্দিক সোনালী ব্যাংকের একজন কর্মকর্তা। সম্প্রতি তাকে বৈদেশিক বিনিময় শাখায় বদলি করা হয়েছে। বর্তমান কর্মস্থলে তাঁর কাজ পূর্বের কাজ থেকে কিছুটা ভিন্ন। নতুন কর্মস্থলে এসে তাকে আগের চেয়ে অধিক সতর্কতা অবলম্বন করতে হচ্ছে।

৩৭. জনাব সিদ্দিককে অফিসে কোন নতুন কাজটি করতে হচ্ছে?
(ক) আমানত সংগ্রহ (খ) ঋণদান
(গ) বিনিময়ের মাধ্যম সৃষ্টি (ঘ) বিনিময়ের হার নির্ধারণ

৩৮. নতুন কর্মস্থলে জনাব সিদ্দিককে অধিক সতর্ক থাকতে হচ্ছে কেন?
(ক) এখানে ঈর্ষাকাতর শত্রু বেশি
(খ) লেনদেনের অত্যধিক চাপ
(গ) ভুল হলে সংশোধন কষ্টসাধ্য
(ঘ) প্রদত্ত ঋণ আদায় করা কষ্টসাধ্য

৩৯. নৌ বিমা চুক্তির মুখ্য বিষয় বহির্ভূত কোনটি?
(ক) জাহাজ (খ) মালামাল
(গ) মাশুল (ঘ) ক্রু

৪০. সামুদ্রিক বিপদের সময় জাহাজকে হালকা করার জন্য পণ্য অন্য জাহাজে তুলে দেয়ার জন্য খরচকে কী বলা হয়?
(ক) গচ্চা (খ) ত্যাগ স্বীকার
(গ) উদ্ধার খরচ (ঘ) বিশেষ খরচ

১	গ	২	ক	৩	খ	৪	গ	৫	খ	৬	গ	৭	ঘ	৮	খ	৯	ক	১০	গ	১১	খ	১২	গ	১৩	খ	১৪	গ	১৫	খ	১৬	খ	১৭	ক	১৮	গ	১৯	খ	২০	ঘ
২১	ঘ	২২	ঘ	২৩	ক	২৪	ক	২৫	ক	২৬	ক	২৭	ঘ	২৮	ক	২৯	ঘ	৩০	ক	৩১	গ	৩২	ক	৩৩	খ	৩৪	ক	৩৫	খ	৩৬	ঘ	৩৭	গ	৩৮	খ	৩৯	গ	৪০	ক

Teachingbd24.com

https://teachingbd24.com